


রোহিঙ্গা নির্যাতনে আহমদীয়া মুসলিম সম্প্রদায় প্রধানের নিন্দা



আহমদীয়া মুসলিম সম্প্রদায় মায়ানমার (বার্মা)-এ রোহিঙ্গা মুসলমানদের উপর নিপীড়নের বিষয়ে তীব্র নিন্দা জ্ঞাপন করছে।

সংবাদে প্রকাশিত হচ্ছে যে বহুল সংখ্যায় মুসলমান নিহত ও নিপীড়িত হচ্ছে, আর হাজার হাজার মানুষকে তাদের নিজ ঘর-বাড়ি থেকে বিতাড়িত করে দেশত্যাগে বাধ্য করা হচ্ছে। এমন আচরণকে কেবল মানবতার নামে এক কলঙ্ক হিসেবেই বর্ণনা করা যেতে পারে।

মায়ানমারের মুসলমানেরা যেন তাদের মৌলিক মানবিক অধিকার ও স্বাধীনতাসমূহ অর্জন করতে পারে সে জন্য আহমদীয়া মুসলিম জামা'ত আন্তর্জাতিক সম্প্রদায়ের সহায়তার জন্য আহ্বান জানাচ্ছে।

নিখিল বিশ্ব আহমদীয়া মুসলিম জামাতের' প্রধান, পঞ্চম খলিফা হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“মায়ানমারে রোহিঙ্গা মুসলমানদের উপর নির্ধূর নির্যাতনের সংবাদে সকল আহমদী মুসলমান গভীরভাবে শোকাহত এবং অবিলম্বে এ সকল নিপীড়ন ও অবিচার অবসানের জন্য আমরা দোয়া করছি।

আজ এ মুসলমানদের এমন বেপরোয়া নিপীড়নের লক্ষ্যে পরিণত করা হচ্ছে তা মূলতঃ মুসলিম বিশ্বে নিজেদের মধ্যে অনৈক্য এবং পারস্পরিক সাম্প্রদায়িক মনোভাবেরই ফল। যদি আজ মুসলিম জাতি-সম্প্রদায়গুলো মাঝে একতা থাকতো, তবে এমন দুর্দশা কখনোই হত না।

আহমদীয়া মুসলিম জামাতের পক্ষ থেকে আমি আশা করি এবং দোয়া করি যেন আন্তর্জাতিক সম্প্রদায় ঐক্যবদ্ধ হয়ে মায়ানমারের মুসলমানদের পাশে এসে দাঁড়ান; আর এ প্রয়াসে মুসলিম দেশগুলোর অগ্রণী ভূমিকা থাকা উচিত।

আমার দোয়া এই যে, মায়ানমারের মুসলিম সম্প্রদায়সহ বিশ্বের সকল মানুষ যারা তাদের ধর্মীয় অধিকার থেকে বঞ্চিত, তাদের সেই বঞ্চার অবসান হোক। আমরা বিশ্বাস করি যে সকল মানুষের নির্ভয়ে তার নিজ ধর্ম বা বিশ্বাস পালনের অধিকার থাকা উচিত আর সকল মানুষেরই নিজ দেশে আইনের চোখে সমান হওয়া উচিত।”